# বার্ষিক পাঠ পরিকল্পনা- ২০২৫

**শ্রেণি: ১ম থেকে ৫ম**

**বিষয়বস্তু: সহশিক্ষাক্রমিক কার্যক্রম/পঠন ও লিখন দক্ষতা উন্নয়ন/সম্পূরক পঠন সামগ্রী (এসআরএম)**

## ১. সম্পূরক পঠন সামগ্রী (এসআরএম)


শোনা, বলা, পড়া ও লেখা- এই চারটি দক্ষতার ওপর নির্ভর করে শিশুর শিখন অভিজ্ঞতা গড়ে ওঠে। শিশু নিজ থেকেই শোনা ও বলার মাধ্যমে অনেক কিছু শিখতে পারলেও পড়া ও লেখা শিশুকে সুনির্দিষ্ট কৌশল অবলম্বন করে শেখাতে হয়। শিক্ষক ও অভিভাবকগণ শিশুদের স্বাধীন পাঠক হয়ে গড়ে ওঠার অভিযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

### চারটি পঠন কার্যক্রম

শ্রেণিকক্ষে শিশুদের পড়ার প্রতি আগ্রহী করে তুলতে গল্পের বই একটি চমৎকার সহায়ক উপকরণ। প্রারম্ভিক অবস্থান থেকে শিশুদের স্বাধীন পাঠক হিসেবে গড়ে তুলতে সহায়ক গল্পের বই পাঠের জন্য নিম্নলিখিত চারটি পঠন কার্যক্রম অনুশীলন করা প্রয়োজন:

১. শিক্ষকের সরব পাঠ
২. অংশগ্রহণমূলক পড়া
৩. জুটিতে পড়া
৪. স্বাধীনভাবে পড়া

প্রারম্ভিক স্তরের ক্ষেত্রে শিক্ষকের সরব পাঠ ও শিশুদের **অংশগ্রহণমূলক পড়া** কিছুটা বেশি প্রয়োজন হলেও ওপরের শ্রেণির শিশুদের জন্য **জুটিতে পড়া ও স্বাধীনভাবে পড়া** বেশি কার্যকর। পঠন দক্ষতা ও পাঠাভ্যাস যত বেশি বাড়বে, শিশুরা তত বেশি স্বাধীন পাঠক হয়ে গড়ে উঠতে পারবে। উল্লিখিত চারটি পঠন কার্যক্রম অনুশীলনের পুরো বিষয়কে এভাবে চিত্রের মাধ্যমে দেখানো যায়:




শিক্ষার্থীদের স্বাধীন পাঠক হিসেবে গড়ে তোলার এই অভিযাত্রায় ধীরে ধীরে শিক্ষকের সহায়তা কমিয়ে শিক্ষার্থীদের দায়িত্ব নেবার এই প্রক্রিয়াকে বলে গ্রাজুয়্যাল রিলিজ অফ রেসপনসিবিলিটি (জি আর আর)।

**এসআরএম পিরিয়ডের জন্য ব্যবস্থাপনা সংক্রান্ত যেসকল কাজ করণীয় -**

- বিদ্যালয়ে বিদ্যমান সকল সম্পূরক পঠন সামগ্রী শ্রেণি অনুযায়ী শেলফে একত্রিত করা।
- শিক্ষার্থীর শ্রেণি ও পঠন দক্ষতা অনুযায়ী পঠন সামগ্রী লেভেল করা।
- শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীর পঠন সামগ্রী বিতরণের রেজিস্টার সংরক্ষণ করা।
- প্রতিটি শ্রেণিতে বই আদান-প্রদানের (চেক-আউট) জন্য বুক ক্যাপ্টেন নির্বাচন করা।



ড. মোহাম্মদ রুহুল আমীন (উপসচিব)
ঊর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ।


২৫৭



**এস আর এম পিরিয়ডের জন্য সাধারণ নির্দেশনাসমূহ:**

এসআরএম পিরিয়ডের জন্য ব্যবস্থাপনা সংক্রান্ত যেসকল কাজ করণীয় -

- বিদ্যালয়ে বিদ্যমান সকল সম্পূরক পঠন সামগ্রী শ্রেণি অনুযায়ী শেলফে একত্রিত করা।
- শিক্ষার্থীর শ্রেণি ও পঠন দক্ষতা অনুযায়ী পঠন সামগ্রী লেভেল করা।
- শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীর পঠন সামগ্রী বিতরণের রেজিস্টার সংরক্ষণ করা।
- প্রতিটি শ্রেণিতে বই আদান-প্রদানের (চেক-আউট) জন্য বুক ক্যাপ্টেন নির্বাচন করা।




**পড়া কার্যক্রমের চারটি উপায়**

| শিক্ষকের সরব পাঠ | অংশগ্রহণমূলক পড়া |
|---|---|
| ১. পড়ার জন্য বই নির্বাচন করুন। নতুন শব্দ শেখানোর জন্য ১-২টি শব্দ বেছে নিন।<br>২.শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘন্টায় আজকের কাজ 'সরব পাঠ'।<br>৩. বইটির সাথে শিশুদের পরিচয় করিয়ে দিন এবং আজকের নির্ধারিত শব্দগুলো শেখান।<br>৪. স্পষ্ট উচ্চারণ ও সঠিক অভিব্যক্তির মাধ্যমে ধীরে ধীরে বইটি পড়ুন। মাঝে মাঝে থেমে এরপর কী ঘটতে পারে তা জিজ্ঞেস করুন।<br>৫. বই পড়া শেষে বিভিন্ন প্রশ্ন করুন এবং কয়েকজন শিক্ষার্থীকে গল্পটি নিজের ভাষায় বলতে বলুন।<br>৬. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। | ১. পড়ার জন্য বই নির্বাচন করুন (বিগ বুক অথবা একই বইয়ের ৫-৬টি কপি)। নতুন শব্দ শেখানোর জন্য ১-২টি শব্দ বেছে নিন।<br>২. শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘণ্টায় আজকের কাজ 'অংশগ্রহণমূলক পড়া'।<br>৩. বইটির সাথে শিশুদের পরিচয় করিয়ে দিন এবং আজকের নির্ধারিত শব্দগুলো শেখান।<br>৪. স্পষ্ট উচ্চারণ ও সঠিক অভিব্যক্তির মাধ্যমে ধীরে ধীরে বইটি পড়ুন। মাঝে মাঝে থেমে এরপর কী ঘটতে পারে জিজ্ঞেস করুন।<br>৫. বই পড়া শেষে বিভিন্ন প্রশ্ন করুন এবং কয়েকজন শিক্ষার্থীকে গল্পটি নিজের ভাষায় বলতে বলুন।<br>৬. বইটি আবার পড়ুন এবং আপনার সাথে শিক্ষার্থীদের পড়তে বলুন। গল্পের মজার ঘটনাগুলো অভিনয় করে দেখাতে বলুন।<br>৭. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। |

৩১.০১.২০২৫

ড. মোহাম্মদ রুহুল আমীন (উপসচিব)
ঊর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ।

| জুটিতে পড়া | স্বাধীনভাবে পড়া |
|---|---|
| ১. প্রথমেই শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘণ্টায় আজকের কাজ 'জুটিতে পড়া'।<br>২. শিক্ষার্থীদের জুটি তৈরি করতে বলুন। প্রত্যেক জুটি একটি করে বই নির্বাচন করবে।<br>৩. প্রত্যেক জুটিকে তাদের পছন্দের জায়গায় বসে বই পড়তে বলুন।<br>৪. কোনো জুটির পড়তে সমস্যা হলে সহজ বই বেছে নিতে সহায়তা করুন।<br>৫. কয়েকটি জুটিকে সামনে এসে বই সম্পর্কে নিজের ভাষায় বলতে বলুন।<br>৬. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। | ১. প্রথমেই শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘণ্টায় আজকের কাজ 'স্বাধীনভাবে পড়া'।<br>২. শিক্ষার্থীদের পড়ার লেভেল অনুযায়ী বই নির্বাচন করতে এবং এককভাবে বই পড়তে বলুন।<br>৩. কারও পড়তে সমস্যা হলে সঠিক লেভেলের বই বেছে নিতে সহায়তা করুন।<br>৪. কয়েকজন শিক্ষার্থীকে সামনে এসে বই সম্পর্কে নিজের ভাষায় বলতে বলুন।<br>৫. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। |

-----

**২. শারীরিক পরিচ্ছন্নতা শিক্ষা:**

শিক্ষক শিক্ষার্থীদের পোশাকসহ শারীরিক পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা করবেন। অতঃপর শিক্ষক ক্লাসে নিয়মিত শারীরিক পরিচ্ছন্নতা বিষয়টি পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ফিডব্যাক দিবেন।

**৩. ক্লাস শেষে বিদ্যালয় পরিষ্কার:**

শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের টুকরো কাগজ ও অপ্রয়োজনীয় বস্তু তুলে ময়লার ঝুড়িতে ফেলবে। অতঃপর শিক্ষক ক্লাস শেষে নিয়মিত শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ফিডব্যাক দিবেন।

**৪. ছড়া গান:**

শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা ছড়া গান অনুশীলন করবে (শিক্ষক গাইবেন, শিক্ষার্থীরা শিক্ষকের সাথে সমস্বরে গাইবে এবং পরবর্তীতে এককভাবে গাইবে)।

**৫. কবিতা আবৃত্তি:**

শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি অনুশীলন করবে। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**৬. চিত্রাঙ্কন:**

শিক্ষার্থীরা খেয়াল-খুশি মতো ছবি আঁকবে ও রং করবে। শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে ঘুরে সকলের কাজ পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় সহায়তা দিবেন। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**৭. গল্প বলা:**

শিক্ষকের সহায়তায় SRM এর আলোকে শিক্ষার্থীরা ছবি দেখে গল্প বলবে।

**৮. কুইক কুইজ:**

শিক্ষকের সহায়তায় বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষার্থীরা কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।



১১.০১.২০২৫

ড. মোহাম্মদ রুহুল আমীন (উপসচিব)
উর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ।

২৬১



**৯. হাতের লেখা:**
শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা হাতের লেখা অনুশীলন করবে। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**১০. ইংলিশ স্পিকিং:**
শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা ইংরেজিতে কথা বলার অনুশীলন করবে। যেমন- Greetings, Introducing others, Practing CL etc. বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**১১. স্টাফ মিটিং:**
প্রধান শিক্ষক প্রশাসনিক ও একাডেমিক বিষয় নিয়ে আলোচনা করে বিদ্যালয়ের বিভিন্ন চ্যালেঞ্জ এবং সমাধানে করণীয় সম্পর্কে সিদ্ধান্ত নিবেন।

**১২. উদ্ভাবনী আইডিয়া/ সৃজনশীল কাজ:**
শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে নিজেদের উদ্ভাবনী আইডিয়া/ সৃজনশীল কাজ প্রদর্শন করবে। শিক্ষক শিক্ষার্থীদের কাজসমূহ পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় ফলাবর্তন দিবেন। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**১৩. বিজ্ঞান মেলা:**
শিক্ষকের নির্দেশনা অনুসারে শিক্ষার্থীরা বিজ্ঞান বিষয়ক উপকরণ/প্রজেক্ট ওয়ার্ক প্রদর্শন করবে। শিক্ষক শিক্ষার্থীদের কাজসমূহ পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় ফলাবর্তন দিবেন। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**১৪. উপস্থিত বক্তৃতা:**
শিক্ষকের নির্দেশনায় শিক্ষার্থীরা নিদির্ষ্ট বিষয়ের (যেমন- আমার মা, আমার বিদ্যালয়, আমার দেশ, প্রিয় শিক্ষক ইত্যাদি) উপর বক্তব্য উপস্থাপন করবে। শিক্ষক প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা করবেন।

**১৫. একক অভিনয়:**
শিক্ষার্থীরা নিজ পছন্দ অনুযায়ী বিষয়ের উপর একক অভিনয় প্রদর্শন করবে। শিক্ষক প্রয়োজনীয় সহায়তা দিবেন।

**১৬. বিতর্ক প্রতিযোগিতা:**
শিক্ষক শিক্ষার্থীদের বিষয়বস্তু নির্ধারণ করে দিবেন এবং প্রয়োজনী নির্দেশনা ও সহযোগিতা করবেন। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

২১/১/২৫
মাহবুবুর রহমান
সহকারী বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

২১.০১.২০২৫
ড. মোহাম্মদ রুহুল আমীন (উপসচিব)
ঊর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ।